# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩১৫৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৩৯]

১৬। হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৭৪. মহিলাদের মাহারামের সঙ্গে হজ্জ অথবা অন্য কোন প্রয়োজনীয় সফর করা

بَاب سَفَرِ الْمَرْأَةِ مَعَ مَحْرَمٍ إِلَى حَجٍّ وَغَيْرِهِ

আরবী

حَدَّثَنِي زُهَيْرُ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، عَنِ ابْنِ أَبِي ذِئْبٍ، حَدَّثَنَا سَعِيدُ، بْنُ أَبِي سَعِيدٍ عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ ‏ "‏ لاَ يَحِلُّ لاِمْرَأَةٍ تُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الآخِرِ تُسَافِرُ مَسِيرَةَ يَوْمٍ إِلاَّ مَعَ ذِي مَحْرَمٍ ‏"‏ ‏.‏

বাংলা

৩১৫৮-(৪২০/...) যুহায়র ইবনু হারব (রহঃ) ..... আবূ হুরায়রাহ (রাযিঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে কোন মহিলা আল্লাহ ও আখিরাতের উপর ঈমান রাখে- তার জন্য সাথে কোন মাহরাম পুরুষ ব্যতীত এক দিনের দূরত্বের পথ সফর করা হালাল নয়।* (ইসলামিক ফাউন্ডেশন ৩১৩৩, ইসলামীক সেন্টার ৩১৩০)

## English

Abu Huraira (Allah be pleased with him) reported Allah's Apostle (ﷺ) as saying:
It is not lawful for a woman who believes in Allah and the Hereafter to undertake a day's journey except in the company of a Mahram.

ফুটনোট

* বিভিন্ন হাদীসে বিভিন্ন দূরত্বের কথা উল্লেখ আছে। কেননা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন যেভাবে যে দূরত্বের জন্য জিজ্ঞাসিত হয়েছেন সেভাবে তিনি জবাব দিয়েছেন। ফলে একেক সাহাবা একেকভাবে শ্রবণ করে সেভাবে বর্ণনা করেছেন। মূলত সকল হাদীসের উদ্দেশ্যই একই। তা হল যতটুকু দূরত্বের ভ্রমণকে সফর বলা যায় ততটুকু দূরত্বই উদ্দেশ্য। আর এতে স্বামী বা মাহরাম তথা যার সাথে বিবাহ চিরস্থায়ীভাবে হারাম এমন পুরুষের সঙ্গ ব্যতীত সফর বৈধ নয়। পুরুষের উপর যেমন হাজ্জ (হজ্জ/হজ) ফারয (ফরয) তেমন সামর্থ হলে মহিলার

উপরও ফারয (ফরয)। হ্যাঁ মহিলার হাজ্জের (হজ্জের/হজের) জন্য মাহরাম শর্ত কিনা এ বিষয়ে মতপার্থক্য আছে। তবে সহীহ হাদীসের আলোকে সঠিক কথা হলো যে, স্বামী বা মাহরাম ছাড়া কোন মহিলার হাজ্জে (হজ্জে/হজে) গমন করা জায়িয। আর এটাই অধিকাংশ উলামার অভিমত ইমাম আবূ হানিফা বলেন যে, তিন মানযিল কম দূরত্বের সফরে মাহরাম ব্যতীত হাজ্জে (হজ্জে/হজে) যাওয়া তা সঠিক নয়, বরং ভ্রান্ত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=50241

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন